



## জনাব মোহাম্মদ আসাদুজ্জামান এর প্রোফাইল

জনাব মোহাম্মদ আসাদুজ্জামান ২৬ জুন, ২০২২ খ্রি: তারিখে জেলা সঞ্চয় অফিসার হিসেবে জেলা সঞ্চয় অফিস, মাদারীপুরে যোগদান করেন। জেলা সঞ্চয় অফিস, মাদারীপুরে দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি জেলা সঞ্চয় অফিস, ময়মনসিংহে একই পদে কর্মরত ছিলেন। ইতঃপূর্বে তিনি জেলা সঞ্চয় অফিস, খুলনা এবং জেলা সঞ্চয় অফিস, জামালপুরেও একই পদে দায়িত্ব পালন করেন।

তিনি ২০১২ সালের ১২ জুন বাংলাদেশ গভর্নেন্ট সার্ভিসে যোগদান করেন। চাকুরি জীবনে তিনি ২০১৬-২০১৭ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার পুরস্কার অর্জন করেন। জনাব মোহাম্মদ আসাদুজ্জামান আনন্দ মোহন সরকারি কলেজ, ময়মনসিংহ থেকে উদ্ভিদবিদ্যা বিভাগ থেকে ১ম শ্রেণিতে অনার্স ডিগ্রি এবং ১ম শ্রেণিতে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। জনাব মোহাম্মদ আসাদুজ্জামান ২০ আগস্ট, ১৯৮৫ খ্রি: তারিখে ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলায় জন্মগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি ০১ ছেলের জনক।